

া মিশকাতুল মাসাবীহ (মিশকাত)

হাদিস নাম্বারঃ ২৮৮৭

পর্ব-১২: ক্রয়-বিক্রয় (ব্যবসা) (১১১)

পরিচ্ছেদঃ ৭. দ্বিতীয় অনুচ্ছেদ - অগ্রিম বিক্রয় করা এবং বন্ধক রাখা

আরবী

عَنْ سَعِيدِ بْنِ الْمُسَيَّبِ أَنَّ رَسُولَ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ قَالَ: «لَا يَغْلَقُ الرَّهْنُ الرَّهْنَ الرَّهْنَ مَنْ سَعِيدِ بْنِ الْمُسَيَّبِ أَنَّ رَسُولَ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ قَالَ: «لَا يَغْلَقُ الرَّهْنُ الرَّهْنُ الرَّهْنَ الرَّهُ اللَّهُ عَنِمِهُ وَعَلِيهِ عَرِمِهِ» . رَوَاهُ الشَّافِعِي مُرْسلا

বাংলা

২৮৮৭-[৫] সা'ঈদ ইবনু মুসাইয়্যাব (রহঃ) হতে বর্ণিত। তিনি বলেন, রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম বলেছেনঃ বন্ধক রাখা তার মালিককে বন্ধকী জিনিস হতে স্বত্বহীন করে না। উক্ত জিনিসের আয়-ভোগ এবং এর ভরণ-পোষণ তারই ওপর বর্তাবে। (ইমাম শাফি'ঈ [রহঃ] মুরসাল সূত্রে বর্ণিত)[1]

ফুটনোট

[1] য'ঈফ : সুনানুল কুবরা লিল বায়হাক্কী ১১২১০, মুসনাদুশ্ শাফি'ঈ ৩/১৬৭-১৮৬। কারণ সানাদটি মুরসাল।

ব্যাখ্যা

ব্যাখ্যা: আলোচ্য হাদীস এটা প্রমাণ করছে যে, বন্ধকী বস্তুর উপকার বা লাভ বন্ধক গ্রহীতার জন্য বন্ধক, সেক্ষেত্রে তো বন্ধকী বস্তুর বন্ধকের ক্ষেত্রে স্থায়ী মালিকানা শর্ত নয়। (অর্থাৎ কারো কাছে কোনো বস্তু বা প্রাণী কিংবা জমি বন্ধক রাখলে যার কাছে বন্ধক রাখা হলো তিনি স্থায়ী মালিক হতে পারবেন না) কারণ বন্ধকী বস্তুর বন্ধকী থেকে মুক্ত না হওয়া পর্যন্ত মালিক তাতে সওয়ার হতে পারবেন না। (মিরকাতুল মাফাতীহ)

হাদিসের মান: যঈফ (Dai'f) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ হাদিস একাডেমি 🛘 বর্ণনাকারীঃ সাঈদ ইবনু মুসাইয়্যাব (রহ.)

🚨 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন